পেস্ট স্পেশিয়াল কমাণ্ড – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৩২

tutorial.hamimit.com/পেস্ট-স্পেশিয়াল

পেস্ট স্পেশিয়াল কমাণ্ডদ্বারা ওয়েব সাইট কিংবা অফিস এ্যাপ্লিকেশন এর বিভিন্ন প্রোগ্রাম যেমন- এক্সেস, ওয়ার্ড, পাওয়ারপয়েন্ট, এক্সেল এবং আউটলুক থেকে স্লাইড, টেক্সট, ছবি, অবজেক্ট এবং টেবিল কপি করে পেস্ট করার সময় বিভিন্ন ফরমেটে পেস্ট করতে পারবেন।


আজকের অধ্যায়ে পেস্ট স্পেশিয়াল কমাণ্ডের বিভিন্ন ব্যবহার বিস্তারিত আলোচনা করা হয়েছে।

কিভাবে পেস্ট স্পেশিয়াল কমাণ্ড ব্যবহার করবেন?


ডকুমেন্ট ফরমেট করার সময় বিভিন্নভাবে টেক্সট, অবজেক্ট, পিকচার সাজাতে হয়।

আপনি ইচ্ছে করলে ফরমেটসহ, ফরমেট ছাড়া এমনকি বিভিন্নভাবে ফরমেট পেস্ট করতে পারবেন।

- প্রয়োজনীয় টেক্সট, স্লাইড, ছবি বা অবজেক্ট আপনার পছন্দনীয় পদ্ধতিতে কপি **(Ctrl+C)** করুন।
- এবারে **Home** ট্যাবের **Clipboard** প্যানেল কিংবা গ্রুপের **Paste** এর নিচে অবস্থিত ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করুন।



অতপর আপনার প্রয়োজনীয় পেস্ট অপশনের ওপর ক্লিক করুন। উদাহরণে **Formatted Text** কমাণ্ড প্রয়োগ করে দেখানো হয়েছে।



লক্ষ্য করুন, ডকুমেন্টের কপিকৃত টেক্সট, ছবি, অবজেক্টটি ফরমেটসহ পেস্ট হয়েছে।

নোট: কীবোর্ডের **Alt+Ctrl+V** চেপেও পেস্ট স্পেশিয়াল কমাণ্ড ব্যবহার করা যায়।

Paste Special কমাণ্ড এর বিবিধ ব্যবহার

পেস্ট স্পেশিয়াল কমাণ্ডটি বিভিন্ন কাজে ব্যবহার করা যায়। নিম্নে কয়েকটি ব্যবহার বিধি বর্ণিত হলো:

- **Formatted Text:** কপিকৃত টেক্সট ফরমেটসহ পেস্ট করা।
- **Unformatted Text:** কপিকৃত টেক্সট ফরমেট ছাড়া পেস্ট করা।
- **Microsoft Word Document Object:** কপিকৃত টেক্সট ফরমেটসহ অবজেক্ট হিসেবে পেস্ট করা।
- **Bitmap:** কপিকৃত ইমেজ বা অবজেক্ট বিটম্যাপ ফরমেটে পেস্ট করা।
- **Picture (GIF):** কপিকৃত ইমেজ বা অবজেক্ট **GIF** ফরমেটে পেস্ট করা।
- **Picture (PNG):** কপিকৃত ইমেজ বা অবজেক্ট **PNG** ফরমেটে পেস্ট করা।
- **Picture (JPG):** কপিকৃত ইমেজ বা অবজেক্ট **JPG** ফরমেটে পেস্ট করা।
- **Picture (Enhanced Metafile):** কপিকৃত ইমেজ বা অবজেক্ট **Enhanced Metafile** ফরমেটে পেস্ট করা।

বর্ডার এবং সেডিং – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৩১ দেখতে এখানে ক্লিক করুন।

পেজ সেটআপ করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৩৩ দেখতে এখানে ক্লিক করুন।

পেস্ট স্পেশিয়াল কমাণ্ড নিয়ে তৈরি টিউন আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে **কিভাবে পেজ সেটআপ [Page Setup] করবেন** সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।

টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে বন্ধুমহলে শেয়ার করুন।